# কীভাবে আপনার ওষুধ পরীক্ষা করবেন

## ফেন্টানিল টেস্ট স্ট্রিপগুলি ব্যবহার করে

NYC Health

# আমি কেন আমার ওষুধের ফেন্টানিল পরীক্ষা করবো?

- ফেন্টানিল একটি শক্তিশালী ওপিওয়েড যা ওভারডোজের ঝুঁকিকে বৃদ্ধি করে।
- ফেন্টানিল সাধারণত হেরোইনে পাওয়া যায়। এটি পাউডার ও ক্র্যাক কোকেন, মেথাম্ফেটামিন, কেটামিন এবং চিকিৎসাবহির্ভূত উৎস থেকে প্রাপ্ত ট্যাবলেটগুলিতেও পাওয়া গেছে।
- ফেন্টানিল দেখে, স্বাদ নিয়ে, গন্ধ বা স্পর্শ দ্বারা সনাক্ত করা যায় না।
- আপনি যে মাদকগুলি ব্যবহার করার পরিকল্পনা করছেন সেগুলোতে ফেন্টানিল আছে কিনা তা জানা থাকলে আপনার ওভারডোজের ঝুঁকি কমিয়ে দিতে পারে।



# ফেন্টানিল টেস্ট স্ট্রিপ কী?

- টেস্ট স্ট্রিপগুলি আপনাকে জানিয়ে দিতে পারে যে আপনার মাদকগুলি ফেন্টানিল আছে কিনা কিন্তু কতটা ফেন্টানিল আছে বা কতটা শক্তিশালী তা জানাতে পারবে না।
- সঠিকভাবে এবং অন্যান্য ঝুঁকি কমানোর অনুশীলনের সাথে ব্যবহার করলে টেস্ট স্ট্রিপ ওভারডোজকে প্রতিরোধ করতে পারে।



# আমি কীভাবে আমার মাদকগুলি ফেন্টানিলের পরীক্ষা করতে পারি?

আপনার মাদকগুলি ফেন্টানিলের পরীক্ষা করার তিনটি উপায় রয়েছে। আপনার জন্য যেটি সবচেয়ে ভাল কাজ করে সেই বিকল্পটিকে বেছে নিন।

## ধাপ 1: আপনার বিকল্প নির্বাচন করুন।

### বিকল্প 1



- যে মাদকগুলি ব্যবহার করার পরিকল্পনা করছেন সেগুলিকে **ধাপ 2**-এ থাকা নির্দেশিকা অনুসরণ করে জলে দ্রবীভূত করুন।
  - এটি আপনার ওষুধ পরীক্ষা করার সবচেয়ে সঠিক উপায় কারণ ফেন্টানিল সব সময় সমানভাবে মিশ্রিত থাকে না। যদি আপনি এইভাবে আপনার ওষুধ পরীক্ষা না করতে পারেন, তাহলে **বিকল্প 2** বা **3** ব্যবহার করুন।
  - এইভাবে আপনার ওষুধগুলিকে পরীক্ষা করার পর, আপনি সেগুলি পান করতে পারেন, একটি পরিষ্কার নাকে স্প্রে করার ডিভাইস ব্যবহার করে সেগুলিকে শুঁকতে পারেন, অথবা সেগুলি ব্যবহার করার জন্য জল বাষ্পীভূত না হওয়া পর্যন্ত অপেক্ষা করুন।

### বিকল্প 2




- একটি পরিষ্কার জায়গায় আপনার মাদকগুলি সূক্ষ্মভাবে চূর্ণ করুন।
- চূর্ণ করা ওষুধগুলিকে একটি ছোট প্লাস্টিক ব্যাগে রাখুন এবং ভিতরটা ভর্তি করার জন্য ব্যাগটিকে ঝাঁকান।
- ব্যাগটিকে খালি করে মাদকগুলি পাশে রাখুন। ব্যাগে অল্প পরিমাণ মাদকের অবশিষ্টাংশ রেখে দিতে হবে।
- **ধাপ 2**-এ থাকা নির্দেশিকা অনুসরণ করে ব্যাগটিতে জল ঢালুন।

## বিকল্প 3




- একটি পরিষ্কার, শুকনো পাত্রে আপনার মাদকের 10 মিলিগ্রাম (মিলিগ্রাম) রাখুন (পেনিতে থাকা আব্রাহাম লিংকনের চুল ঢাকার জন্য যথেষ্ট পরিমাণ)।
- যদি আপনি 10 মিলিগ্রাম ওষুধ পরীক্ষা করতে না পারেন, তাহলে একটি পরিষ্কার, শুকনো পাত্রে কমপক্ষে কয়েকটি দানা রাখুন।
- **ধাপ 2**-এ থাকা নির্দেশিকা অনুসরণ করে পাত্রটিতে জল ঢালুন।

## ধাপ 2: জল যোগ করুন।



- আপনার মাদকগুলিতে জল যোগ করুন এবং সেগুলিকে মিশিয়ে নিন।
  - প্রতি 10 মিলিগ্রাম (মিগ্রা) ওষুধের জন্য, ছোট চামচে 1 চামচ জল যোগ করুন, যা 5 মিলিলিটারের সমান।
  - যদি আপনি অবশিষ্টাংশ প্লাস্টিকের ব্যাগে পরীক্ষা করেন যেমন বিকল্প 2-এ বর্ণিত রয়েছে, তাহলে ছোট চামচে 1 চামচ বা 5 মিলি জল ব্যবহার করুন, যেভাবে 10 মিলিগ্রাম ওষুধ থাকলে হতো।

## ধাপ 3: টেস্ট স্ট্রিপ ব্যবহার করুন।



- টেস্ট স্ট্রিপের ঢেউ খেলানো দিকটি নিচের দিকে মুখ করে জলের মধ্যে রেখে দিন। স্ট্রিপটিকে ঢেউ খেলানো রেখাগুলির অংশটি পার করে জলে ডুবাবেন না।
- স্ট্রিপটিকে 15 সেকেন্ড ধরে জল শোষণ করতে দিন।
- জল থেকে স্ট্রিপটিকে বের করুন এবং দুই মিনিটের জন্য একটি সমতল জায়গায় রাখুন।
- ফলাফলটি লক্ষ্য করুন।

## আপনার ওষুধ পরীক্ষা করার জন্য পরামর্শ:

- টেস্ট স্ট্রিপটি একবারের বেশি ব্যবহার করবেন না।
- বড়ি এবং ট্যাবলেট ভালোভাবে গুড়ো করুন, গুঁড়োতে জল যোগ করুন এবং পুরোপুরিভাবে মিশিয়ে নিন। যদি আপনি পুরো বড়িটি পরীক্ষা করতে না চান তাহলে এটিকে অর্ধেক করে ভেঙে দিন এবং মাঝখান থেকে একটু অংশ নিয়ে পরীক্ষা করুন।

# পরীক্ষার ফলাফলের মানে কী?




- **পজিটিভ পরীক্ষা:** আপনার ওষুধে ফেন্টানিল বা অনুরূপ সিনথেটিক ওপিওয়েড পাওয়া গেছে। যদি আপনি ফেন্টানিল বা ওপিওয়েড না নেওয়ার পরিকল্পনা করে থাকেন তাহলে ওষুধগুলি ব্যবহার করা এড়িয়ে চলুন, অথবা এই ব্রোশারের পিছনে থাকা "আমার ওভারডোজের ঝুকি কম করার জন্য আমি আর কী করতে পারি?" বিভাগটি দেখুন।

---



- **নেগেটিভ পরীক্ষা:** আপনার ওষুধে ফেন্টানিল বা অনুরূপ সিনথেটিক ওপিওয়েড পাওয়া যায়নি। মনে রাখবেন, কোন পরীক্ষাই 100% সঠিক নয় এবং আপনার মাদকগুলিতে তবুও ফেন্টানিল বা অনুরূপ সিন্থেটিক ওপিওয়েড থাকতে পারে।


---



- **ভুল পরীক্ষা:** ডানদিকে একটি মাত্র রেখা বা কোনও রেখাই না থাকার অর্থ হচ্ছে যে পরীক্ষাটি ভুল। যদি সম্ভব হয়, তাহলে নতুন স্ট্রিপ ব্যবহার করে আপনার ওষুধগুলি পুনরায় পরীক্ষা করুন।

# আমার ওভারডোজের ঝুঁকি কম করার জন্য আমি আর কী করতে পারি?

- মাদকগুলি অন্যান্য মানুষদের সাথে ব্যবহার করুন এবং এগুলিকে পর্যায়ক্রমে ব্যবহার করুন।



- নালোক্সোন নিয়ে আসুন, যা একটি নিরাপদ এবং সহজে ব্যবহারযোগ্য ওষুধ যেটি ওপিওয়েডের ওভারডোজের প্রভাবকে কম করতে পারে। বিনামূল্যে কোথায় নালোক্সোন পাওয়া যাবে তা জানতে **311** নম্বরে ফোন করুন।




- মাদকগুলি ব্যবহার করার আগে, আপনার বিশ্বস্ত কাউকে নিয়মিত আপনি কেমন আছেন তা দেখার জন্য অনুরোধ করুন।
- অল্প পরিমাণে গ্রহণ করে ধীরে ধীরে এগিয়ে যান।
- মাদকগুলি মেশানো এড়িয়ে চলুন।



আরো তথ্যের জন্য, QR কোড স্ক্যান করুন বা **nyc.gov/fentanyl**-এ যান।